[redacted]

[redacted], [redacted]

Job Category: Others

Job Source: [redacted]

Job Summary

Posted On: 18 Apr 2024

Application Deadline: 18 May 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী

(রাজস্ব শাখা)

www.feni.gov.bd

স্মারক নম্বর: ৩১.২০.৩০০০.০২১.১১.০০৪.২৩-৩১১

তারিখ : ০২ বৈশাখ ১৪৩১ / ১৫ এপ্রিল ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ১১/০৭/২০২৩ তারিখের ২২৯ নং স্মারক ও মাঠ প্রশাসন-১ এর ০৭/১১/২০২৩ তারিখের ৫১৯ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক ফেনী জেলার রাজস্ব প্রশাসনের অধীন নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত ফেনী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্তে Online-এ (http://dcfeni.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে; অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (আতীয় বেতন স্কেল, ২০১৫)	শিক্ষাগত যোগ্যতা
০১	ড্রাফটসম্যান	০১ (এক) টি	গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/-	ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ডিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ. কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬(ছয়া) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদ প্রাপ্ত।
০২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৫ (পাঁচ)	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ডিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ. কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)২০ শব্দ থাকতে হবে;
০৩	কার্যসহকারী	০১ (এক)	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ডিপিএ'সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ. কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬(ছয়া) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদ প্রাপ্ত। গ. কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)২০ শব্দ থাকতে হবে;
০৪	নাঈর কাম-ক্যানিয়ার	০১ (এক)	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ডিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ. কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)২০ শব্দ থাকতে হবে
০৫	ক্রেডিট চেকিং-কাম সায়রাত সহকারী	০৬ (ছয়া)	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ডিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ. কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)২০ শব্দ থাকতে হবে
০৬	সার্টিফিকেট পেশকার	০৫ (পাঁচ)	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ডিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ. কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)২০ শব্দ থাকতে হবে
০৭	সার্টিফিকেট সহকারী	০৫ (পাঁচ)	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক. কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ডিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ. কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)২০ শব্দ থাকতে হবে

আবেদনের শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ফেনী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২। প্রার্থীর বয়সসীমা ১৮/০৪/২০২৪ তারিখে ১৮-৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নহে;

০৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত / প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৪। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে; এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতি পত্র দাখিল করতে হবে;

০৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;

০৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

০৮। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে;

০৯। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

ক) শিক্ষাগত যোগ্যতার সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদপত্র;

গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বীর মুক্তিযোদ্ধার সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;

ঙ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

চ) এডিস প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এডিসখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ছ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ডার, আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদ;

ঝ) প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

ঞ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত ফটোকপি;

ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ঠ) কম্পিউটারে দক্ষতার প্রমাণযুক্ত সকল সনদপত্র;

১০। একজন প্রার্থী পুনরায় একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১১। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে;

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না;

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৪। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত পূরণাদির প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে;

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcfeni.teletalk.com.bd ওয়েবসাইটে অনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৮/০৪/২০২৪; সকাল ০৯.০০ টা;

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬/০৫/২০২৪; বিকাল ৪.০০ টা;

iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য 300Xপ্রস্থ 80 pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য 300X প্রস্থ 300 pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০১ হতে ০৭ পর্যন্ত পদের জন্য ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০ (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা জমা দিতে হবে। উল্লেখ্য যে, "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"। Online এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না;

নিয়মাবলী:

প্রথম SMS : DCFENI<space>User ID লিখে 16222 নম্বরে send করতে হবে।

Example DCFENI ABCDEFG send to 16222

Reply: Applicant's Name TK.223/- Will be Charged as application fee, Your PIN 12345678. To pay fee Type DCFENI<space>YES<space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS : DCFENI<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example DCFENI YES 12345678 & send to 16222.

Reply: Congratulation Applicant's Name payment completed successfully for DCFENI Application for xxxxxxxxx USER ID is (ABCDEF) and password (xxxxxxxxxx).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস এ password পাবেন;

ক) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcfeni.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া ও প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

খ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রার্থীর প্রবেশপত্র রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

গ) পুনরায় Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে:
DCFENI<space>Help<space>User<space>User ID send to 16222
Example DCFENI HELP USER ABCDEF & send to 16222

PIN Number জানা থাকলে:
DCFENI<space>Help<space> PIN<space> PIN No & send to 16222
Example DCFENI HELP PIN 12345678 & send to 16222

ঘ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর Website: www.feni.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টালে http://alljobs.teletalk.com.bd/dcfeni ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.feni.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

ঙ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে কল করুন 121 নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা adcfeni@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টালের ফেইসবুক পেইজ https://www.facebook.com/ alljobsbdtelctalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject এ Organization Name: DCFENI. Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

চ) ভিফারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ভিফারেশন অংশে এই মর্মে যোগণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় সকল বা অসদুপায় অবলম্বন করালে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

ঠ) এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস /বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন, নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৫/০৪/২০২৪

(সুলতানুল শাহীনা আক্তার)
জেলা প্রশাসক
ফেনী
☎ ০২৩৩৪৪৭৪০০০
dcfeni@mopa.gov.bd

স-৮০৮ (১৬ x ৮)